বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-১
ফোন : ৯৫৫২৫২৪
E-Mail : dgmaudit1@krishibank.org. bd

নং প্রকা/প্রনিবি-১/বাঃনিঃ(অঃকঃ)/২০১৭-২০১৮/ ৬৮০৭ তারিখ ঃ ১৭/০৪/২০১৮ইং

বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা
সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ বাংলাদেশ কৃষি ব্যাংকের অডিট কমিটির ৪৫তম সভার সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে বাণিজ্যিক নিরীক্ষা আপত্তির নিষ্পত্তি সংক্রান্ত বিষয়ে গত ০৫/০৪/২০১৮ তারিখে বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তাদের সাথে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,
উপর্যুক্ত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

ব্যাংকের অডিট কমিটির ৪৫তম সভার সিদ্ধান্ত মোতাবেক গত ০৫ এপ্রিল, ২০১৮ তারিখ বৃহস্পতিবার সকাল ১০.৩০ ঘটিকায় পরিচালনা পর্ষদের সভাকক্ষে বাণিজ্যিক নিরীক্ষা আপত্তির নিষ্পত্তি সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনার জন্য বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তাগণের সাথে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের একটি সভা মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপকগণ, স্থানীয় মুখ্য কার্যালয়ের মহাব্যবস্থাপক এবং প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-১ এর উপ-মহাব্যবস্থাপক উপস্থিত ছিলেন।

০২। উক্ত সভায় সকল ধরনের অডিট আপত্তি নিষ্পত্তির ক্ষেত্রে প্রধান কার্যালয়ের নিরীক্ষা ও অভ্যন্তরীন নিয়ন্ত্রণ মহাবিভাগ ও এর আওতাধীন বিভাগসমূহ এবং বিভাগীয় নিরীক্ষা কার্যালয় ও আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়ের সমন্বিত প্রচেষ্টার উপর গুরুত্বারোপ করা হয়। এছাড়া বাণিজ্যিক নিরীক্ষা প্রতিবেদনে উত্থাপিত বিভিন্ন ধরনের আপত্তি নিষ্পত্তির কার্যক্রম ত্বরান্বিত করণসহ মন্ত্রণালয় ও প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে মাসিক প্রতিবেদন প্রেরণের বিষয়ে পর্যালোচনা করা হয়। উক্ত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

সংযুক্তি ঃ বর্ণনা মোতাবেক।

১৭/০৪/১৮
(মোঃ মুজিবর রহমান)
উপ-মহাব্যবস্থাপক

নং প্রকা/প্রনিবি-১/বাঃনিঃ(অঃকঃ)/২০১৭-২০১৮/ ৬৮০৭(৯) তারিখ ঃ ১৭/০৪/২০১৮ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৪। মহাব্যবস্থাপক ও অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৫। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সচিব/ সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা। সংযুক্ত কার্যবিবরণী ওয়েব-সাইটে আপলোড করার জন্য আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
০৭। মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে) বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। অফিস নথি।

১৭/০৪/১৮
(এএইচএম মাহবুবুল বাসেত ভূঞা)
সহকারী মহাব্যবস্থাপক

# বাংলাদেশ কৃষি ব্যাংক

## প্রধান কার্যালয়

## প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-১

**বিষয় ঃ বাংলাদেশ কৃষি ব্যাংকের অডিট কমিটির ৪৫তম সভার সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে বাণিজ্যিক নিরীক্ষা আপত্তির নিস্পত্তি সংক্রান্ত বিষয়ে গত ০৫/০৪/২০১৮ তারিখে বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তাদের সাথে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রসঙ্গে।**

বাংলাদেশ কৃষি ব্যাংকের অডিট কমিটির ৪৫তম সভার সিদ্ধান্ত মোতাবেক গত ০৫ এপ্রিল, ২০১৮ তারিখ বৃহস্পতিবার সকাল ১০.৩০ ঘটিকায় পরিচালনা পর্ষদের সভাকক্ষে বাণিজ্যিক নিরীক্ষা আপত্তির নিস্পত্তি সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনার জন্য বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তাগণের সাথে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের একটি সভা মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপকগণ, স্থানীয় মুখ্য কার্যালয়ের মহাব্যবস্থাপক এবং প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-১ এর উপ-মহাব্যবস্থাপক উপস্থিত ছিলেন।

০২। সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি তাঁর বক্তব্যের প্রারম্ভে উল্লেখ করেন যে, বর্তমানে দেশীয় ও আন্তর্জাতিক পরিমন্ডলে ব্যাংকিং সেক্টরে কমপ্লায়েন্স একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ইস্যু। তিনি সকল ধরনের অডিট আপত্তি নিস্পত্তির ক্ষেত্রে প্রধান কার্যালয়ের নিরীক্ষা ও অভ্যন্তরীন নিয়ন্ত্রণ মহাবিভাগ ও এর আওতাধীন বিভাগসমূহ এবং বিভাগীয় নিরীক্ষা কার্যালয় ও আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়ের সমন্বিত প্রচেষ্টার উপর গুরুত্বারোপ করেন। এছাড়া তিনি বাণিজ্যিক নিরীক্ষা প্রতিবেদনে উত্থাপিত বিভিন্ন ধরনের আপত্তি নিস্পত্তির কার্যক্রম ত্বরান্বিত করণসহ মন্ত্রণালয় ও প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে মাসিক প্রতিবেদন প্রেরণের বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেনঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | কার্যকরণ |
|---|---|---|---|
| ০১ | সংকলনভূক্ত বাণিজিক নিরীক্ষা। | সভায় সংকলনভূক্ত বাণিজিক নিরীক্ষা আপত্তির বিষয়ে প্রধান কার্যালয়ে সংরক্ষিত নথি এবং অর্থ মন্ত্রণালয় ও বাণিজ্যিক অডিট অধিদপ্তরের প্রেরিত তালিকা হতে প্রাপ্ত ৩৫টি আপত্তির তালিকা উপস্থাপন করা হলে এতদ্বিষয়ে নিম্নরুপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়-<br><br>(ক) বাণিজ্যিক অডিট অধিদপ্তরের সাথে নিবিড়ভাবে যোগাযোগ রক্ষা করে সংকলনভূক্ত অডিট আপত্তির সঠিক সংখ্যা নিরুপণসহ সংকলনভূক্ত বাণিজিক নিরীক্ষা আপত্তির মূলকপি সংগ্রহ করতে হবে।<br><br>(খ) সকল সংকলনভূক্ত বাণিজিক নিরীক্ষা আপত্তির তথ্য/প্রমাণকসহ হালনাগাদ জবাব সংগ্রহপূর্বক প্রস্তুত রাখতে হবে। | প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-১, প্রকা। |
| ০২ | বাণিজ্যিক অডিট আপত্তির সঠিক সংখ্যা নিরুপণ। | মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ ও আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাগণকে সম্পৃক্ত করে বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তাগণের নেতৃত্বে অঞ্চল ভিত্তিক শাখাগুলোকে সম্পৃক্ত করে বাণিজ্যিক নিরীক্ষা সংক্রান্ত সকল আপত্তি (সংকলনভূক্ত/ খসড়া/ অগ্রিম/ সাধারণ অনুচ্ছেদ) যাচাইপূর্বক সঠিক সংখ্যা নিরুপণ করে আপত্তি নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় এবং সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়। |

| | | | |
|---|---|---|---|
| | | এক্ষেত্রে, বছরভিত্তিক (শুরু থেকে-২০১৮) বাণিজ্যিক অডিটের ধরণ অনুসারে(সংকলনভূক্ত/ খসড়া/ অগ্রিম/ সাধারণ অনুচ্ছেদ) উত্থাপিত আপত্তির সংখ্যা, নিষ্পত্তিকৃত আপত্তির সংখ্যা এবং অনিষ্পন্ন আপত্তির সংখ্যার তালিকা শাখা থেকে আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়ের মাধ্যমে সংগ্রহ করে বিভাগীয় নিরীক্ষা কার্যালয় কর্তৃক ১৫ দিনের মধ্যে প্রধান কার্যালয়ের প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-১ এ প্রেরণ করতে হবে। | |
| ০৩ | সকল ধরনের অডিট আপত্তি নিষ্পত্তির ক্ষেত্রে করণীয়। | সকল ধরনের অডিট আপত্তির(অভ্যন্তরীণ নিরীক্ষা/বাংলাদেশ ব্যাংক পরিদর্শন/বাণিজ্যিক নিরীক্ষা) নিষ্পত্তির হার কম হওয়ায় মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় অসন্তোষ প্রকাশ করেন এবং অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা হ্রাসের জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেন- | |
| | | (ক) সকল ধরনের আপত্তিকে কয়েকটি শ্রেণীতে ভাগ করে যে আপত্তিগুলো খুব দ্রুত এবং সহজেই নিষ্পত্তি করা সম্ভব সেগুলি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। শুধুমাত্র স্টেটমেন্ট এর উপর ভিত্তি না করে আপত্তিগুলোর পর্যালোচনা করে নিষ্পত্তির উপায় বের করতে হবে। | সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয় । |
| | | (খ) অভ্যন্তরীণ নিরীক্ষা, বাংলাদেশ ব্যাংক পরিদর্শন ও বাণিজ্যিক নিরীক্ষার কিছু কিছু আপত্তি চাইলেও এ মূহুর্তে নিষ্পন্ন করা সম্ভব নয়। সেগুলির ক্ষেত্রে সংশ্লিষ্ট অফিস/বিভাগ/দপ্তরে হালনাগাদ তথ্যাদিসহ জবাব প্রেরণ করতে হবে। | সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়। |
| | | (গ) নিষ্পত্তির বাস্তবায়ন হেড অব আইসিসি'র মাধ্যমে ত্রৈমাসিক ভিত্তিতে মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে অবহিত করতে হবে।<br>এছাড়া সকল ধরনের আপত্তি নিষ্পত্তির ক্ষেত্রে নিম্নরূপ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। | |
| | | ০১. **অভ্যন্তরীণ নিরীক্ষা** ঃ ০১/০৭/২০১৭ তারিখ পর্যন্ত উত্থাপিত অনিষ্পন্ন আপত্তির ৫০% আগামী ৩০/০৬/২০১৮ তারিখের মধ্যে নিষ্পন্ন করতে হবে। | প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-২, প্রকা, ঢাকা। |
| | | ০২. **বাংলাদেশ ব্যাংক পরিদর্শন** ঃ ০১/০৭/২০১৭ তারিখ পর্যন্ত উত্থাপিত অনিষ্পন্ন আপত্তির ৭০% আগামী ৩০/০৬/২০১৮ তারিখের মধ্যে নিষ্পন্ন করতে হবে। | প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-১, প্রকা, ঢাকা। |
| | | ০৩. **বাণিজ্যিক নিরীক্ষা** ঃ ০১/০৭/২০১৭ তারিখ পর্যন্ত উত্থাপিত অনিষ্পন্ন আপত্তির ৫০% আগামী ৩০/০৬/২০১৮ তারিখের মধ্যে নিষ্পন্ন করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। | প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-১, প্রকা, ঢাকা। |

পাতা-০২

| | | | |
|---|---|---|---|
| ০৪ | মন্ত্রণালয় ও প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগে মাসিক প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত | বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ হতে হালনাগাদ তথ্য সংগ্রহ করে উক্ত তথ্যের ভিত্তিতে **সংশোধিত** মাসিক প্রতিবেদন এপ্রিল/২০১৮ হতে মন্ত্রণালয় ও প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করতে হবে। | প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-১, প্রকা, ঢাকা। |
| ০৫ | বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের অনুকূলে ভ্রমণভাতা বাবদ অতিরিক্ত বাজেট বরাদ্দ সংক্রান্ত | আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়ের সাথে নিবিড় যোগাযোগ করতঃ ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে নিরীক্ষা আপত্তির প্রকৃত সংখ্যা/তথ্য উদঘাটনের জন্য বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের কর্মকর্তাদের অতিরিক্ত ভ্রমণের কারণে ভ্রমণভাতা বাবদ ব্যয় সংকুলানের জন্য যথাযথ কর্তৃপক্ষ সমীপে অতিরিক্ত বাজেট বরাদ্দের প্রস্তাব দিলে তা বিবেচনা করা হবে। | বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগ, প্রকা, ঢাকা।<br>সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়। |

০৩। সভায় উপ ব্যবস্থাপনা পরিচালক মহোদয় মামলাযুক্ত অডিট আপত্তি নিয়ে আলোচনা করেন। তিনি মামলাযুক্ত অডিট আপত্তির হালনাগাদ জবাব সংশ্লিষ্ট বাণিজ্যিক অডিট অধিদপ্তরে প্রেরণের জন্য সংশ্লিষ্ট শাখা/কার্যালয় কে নির্দেশ প্রদানের জন্য বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তাগণকে পরামর্শ প্রদান করেন। ইস্যুকৃত ওয়ারেন্ট কার্যকরের মাধ্যমে অনাদায়ী টাকা আদায়ের জন্য প্রয়োজনে স্থানীয় থানার সাথে যোগাযোগ রক্ষা করার উপরও তিনি গুরুত্বারোপ করেন।

০৪। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় তাঁর সমাপনী ভাষণে সভায় গৃহীত সিদ্ধান্তের সার-সংক্ষেপ তুলে ধরেন। তিনি অভ্যন্তরীণ নিরীক্ষা, বাংলাদেশ ব্যাংক পরিদর্শন ও বাণিজ্যিক নিরীক্ষার উত্থাপিত আপত্তি নিষ্পত্তির জন্য প্রদত্ত লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে সচেষ্ট হওয়ার পরামর্শ প্রদান করে উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

২৭.০৪.২০১৮
(ননী গোপাল দত্ত)
মহাব্যবস্থাপক

২৯/০৪/১৮
(মোঃ আলী হোসেন প্রধানিয়া)
ব্যবস্থাপনা পরিচালক

পাতা-০৬